# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৭৭) আসমানী কিতাবের প্রতি ঈমান আনয়নের দলীল কী?

উত্তরঃ আসমানী কিতাবের প্রতি ঈমান আনয়ন করা ঈমানের অন্যতম রুকন। এ মর্মে অনেক দলীল রয়েছে। আল্লাহ তাআ’লা বলেনঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا آمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي نَزَّلَ عَلَى رَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي أَنْزَلَ مِنْ قَبْلُ

“হে মু’মিনগণ! তোমরা বিশ্বাস স্থাপন কর আল্লাহর প্রতি, তাঁর রাসূলের প্রতি এবং ঐ কিতাবের প্রতি, যা তিনি তাঁর রাসূলের উপর অবতীর্ণ করেছেন। এবং ঐ কিতাবের প্রতি যা পূর্বে অবতীর্ন করেছিলেন। (সূরা নিসাঃ ১৩৬) আল্লাহ তাআ’লা বলেনঃ

قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا وَمَا أُنْزِلَ إِلَى إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالأَسْبَاطِ وَمَا أُوتِيَ مُوسَى وَعِيسَى وَمَا أُوتِيَ النَّبِيُّونَ مِنْ رَبِّهِمْ لاَ نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِنْهُمْ

“তোমরা বলঃ আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি এবং যা অবতীর্ণ হয়েছে আমাদের প্রতি এবং যা অবতীর্ণ হয়েছে ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব এবং তাদের বংশধরের প্রতি এবং মুসা, ঈসা ও অন্যান্য নবীগণকে তাদের পালনকর্তার পক্ষ হতে যা দান করা হয়েছে সেগুলোর উপর। তাদের কারো মাঝে পার্থক্য করি না”। (সূরা বাকারাঃ ১৩৬) এ ছাড়া আরো অনেক আয়াত রয়েছে। তবে এ ক্ষেত্রে আল্লাহর এই বাণীটিই যথেষ্ট। আল্লাহ তা’আলা আরও বলেনঃ

وَقُلْ آمَنْتُ بِمَا أَنْزَلَ اللَّهُ مِنْ كِتَابٍ

“বলুনঃ আল্লাহ যে কিতাব অবতীর্ণ করেছেন, আমি তাতে বিশ্বাস করি”। (সূরা শুরাঃ ১৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন